

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩৩১

বিশালগড়, ৩০ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

সাধারণ অবজারভারের সভাপতিত্বে সিপাহীজলায় সভা

১-ত্রিপুরা পশ্চিম লোকসভা আসনের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে গতকাল সিপাহীজলা জেলা নির্বাচন আধিকারিকের কার্যালয়ের কনফারেন্স হলে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন ১-ত্রিপুরা পশ্চিম লোকসভা নির্বাচন ক্ষেত্রের সাধারণ অবজারভার ভূপেশ চৌধুরী ও পুলিশ অবজারভার আর শিবকুমার। সিপাহীজলা জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক নাগেশ কুমার বি, সিপাহীজলা জেলার পুলিশ সুপার বি জে রেডিড, অতিরিক্ত জেলাশাসক সহ এআরও এবং এসডিপিওগণ এই সভায় উপস্থিত ছিলেন। সাধারণ পর্যবেক্ষক ভূপেশ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে নির্বাচনের প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

\*\*\*\*\*